জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে প্রথম জকসু নির্বাচন, ভোট ২৭ নভেম্বর

সংগৃহীত ছবি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে (জবি) ইতিহাসের প্রথম কেন্দ্রীয় ছাত্র সংসদ (জকসু) নির্বাচনের দিন ঘোষণা করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। নির্বাচন কমিশন আগামী ৮ অক্টোবর থেকে কার্যক্রম শুরু করবে। ধাপে ধাপে মনোনয়ন, যাচাই-বাছাই ও প্রচারণা শেষে ২৭ নভেম্বর অনুষ্ঠিত হবে ভোটগ্রহণ।

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে প্রথমবারের মতো কেন্দ্রীয় ছাত্র সংসদ (জকসু) নির্বাচন আয়োজনের উদ্যোগ নিয়েছে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। দীর্ঘ প্রতীক্ষার পর অবশেষে নির্বাচন আয়োজনের পূর্ণাঙ্গ রোডম্যাপ প্রকাশ করা হয়েছে।

বুধবার (১৭ সেপ্টেম্বর) বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার অধ্যাপক ড. মো. শেখ গিয়াস উদ্দিন স্বাক্ষরিত বিজ্ঞপ্তিতে জানানো হয়, আগামী ৮ অক্টোবর নির্বাচন কমিশন গঠন করে কার্যক্রম শুরু করবে। এরপর কমিশন ছাত্র সংগঠন, সাংবাদিক সংগঠনসহ বিভিন্ন অংশীজনের সঙ্গে মতবিনিময় করে নির্বাচনের নীতিমালা ও আচরণবিধি তৈরি করবে।

প্রক্রিয়ার পরবর্তী ধাপে মনোনয়নপত্র জমা, যাচাই-বাছাই, আপত্তি নিষ্পত্তি ও প্রার্থীদের তালিকা চূড়ান্ত করা হবে। এরপর আনুষ্ঠানিক প্রচারণা শুরু হবে। সর্বশেষ ২৭ নভেম্বর অনুষ্ঠিত হবে ভোটগ্রহণ এবং একই দিন ঘোষণা করা হবে ফলাফল।

বিশ্ববিদ্যালয় প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়, সংবিধি ও প্রযোজ্য বিধি অনুসারে স্বচ্ছ ও সুষ্ঠু পরিবেশে নির্বাচন সম্পন্ন করা হবে।